


পাশের ছবিটি একটু  
ভালোভাবে লক্ষ্য  
করুন। দূরে ঝাপসা  
হয়ে থাকা লোকটি  
জামালের বাবা।  
পুত্রশোকে তিনি  
বাকশূন্য। সবসময়  
ঠায় বসে থাকেন  
এখানে। খালি  
চেয়ারগুলোতে এসে  
বসবেন ঢাকা থেকে  
আসা অতিথিরা।  
সবাই সান্ত্বনা দেয়।  
কিন্তু কেউ কি  
ফিরিয়ে দিতে পারবে  
তার জামালকে। কে  
বিচার করবে তার  
পুত্রহত্যার। যেখানে



# হত্যাকারী পুলিশ

লিখেছেন গোলাম মোর্তোজা

‘আমার তাজা ছেলে ধইরা নিয়া  
গেল, মরা ছেলে ফিরায়া দিল...।  
আইনের লোক আমার ছেলে  
মাইরা ফালাইল...। ... পানিতে ফালাইয়া

দিল...। ওরে আল্লাহরে, আমি এখন কেমনে  
বাঁচুম...। তোমরা আমার ছেলে ফিরায়া  
দাও, তাজা ছেলে ফিরায়া দাও...। ...ওরা  
কেন মারলো আমার ছেলে...?’  
শরীরের সমস্ত শক্তি দিয়ে বিলাপ  
করছেন। শুকনো কণ্ঠের আর্তনাদ যেন

বাতাসে প্রতিধ্বনিত হচ্ছে। কাঁদছেন, বিলাপ  
করছেন। এখন আর চোখ দিয়ে পানি বের  
হচ্ছে না। পানি শুকিয়ে চামড়ায় দাগ বসে  
গেছে। কাঁদতে  
কাঁদতে চোখের  
সবটুকু পানি নিঃশেষ

Please  
collect your  
print copy